



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬

২৪ নভেম্বর ২০২৫

তারিখ: -----

০৯ অগ্রহায়ণ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে ১৬ সেপ্টেম্বর ২০২৫ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। এক্ষণে, ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান সংক্রান্ত নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর অনুচ্ছেদ নং-৩.১ (ক), ৩.৩ (ক) ও ৩.৪ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো:

৩.১। বিশেষ পুনঃতফসিলজনিত সুবিধা:

ক) ৩০ নভেম্বর ২০২৫ তারিখে বিরূপমানে (SS, DF, B/L) শ্রেণিকৃত ঋণসমূহের ক্ষেত্রে ঋণের পরিমাণ বিবেচনায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সর্বোচ্চ ০২ বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১০(দশ) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে;

৩.৩। বিশেষ পুনর্গঠনজনিত সুবিধা:

ক) অশ্রেণিকৃত মেয়াদি ঋণসমূহের (ইতঃপূর্বে পুনঃতফসিলকৃত ঋণসহ) ক্ষেত্রে ঋণের পরিমাণ বিবেচনায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর অনুচ্ছেদ নং ৬(১) এ বর্ণিত মেয়াদের অতিরিক্ত সর্বোচ্চ ০২ (দুই) বছর মেয়াদ নির্ধারণকরত পুনর্গঠন করা যাবে;

৩.৪। বিশেষ এক্সিটজনিত সুবিধা:

ক) বিশেষ এক্সিট সুবিধা প্রদানের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২৪ এ বর্ণিত হারে ডাউনপেমেন্ট গ্রহণপূর্বক উক্ত সার্কুলারে বর্ণিত মেয়াদের অতিরিক্ত ০১ (এক) বছর সময় প্রদান করা যাবে;

খ) বিশেষ এক্সিটজনিত সুবিধাপ্রাপ্ত ঋণের কিস্তি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক কর্তৃক নির্ধারিত পরিশোধসূচি মোতাবেক মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে। তবে, বার্ষিক আদায়কৃত কিস্তির পরিমাণ মোট ঋণের ২০% এর কম হতে পারবে না;

গ) বিশেষ এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণসমূহ Exit(SMA) মানে প্রদর্শন করতে হবে এবং তদনুযায়ী ঋণের বিপরীতে যথানিয়মে সাধারণ প্রভিশন (General Provision) সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত, প্রকৃত আদায় ব্যতিরেকে এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ হিসাবের বিপরীতে ইতঃপূর্বে সংরক্ষিত স্পেসিফিক প্রভিশন (Specific Provision) ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না। তবে তার অংশ বিশেষ সাধারণ প্রভিশন সংরক্ষণের নিমিত্ত স্থানান্তর করা যাবে। উল্লেখ্য, সম্পূর্ণ ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত এ সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে বিদ্যমান ঋণ সুবিধা ব্যতীত কোনো নতুন ঋণসুবিধা প্রদান করা যাবে না;

ঘ) ব্যাংক কর্তৃক নির্ধারিত পরিশোধসূচি মোতাবেক ০৩টি মাসিক/০১টি ত্রৈমাসিক কিস্তি পরিশোধে ঋণগ্রহীতা ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণহিসাব যথানিয়মে শ্রেণিকরণ ও প্রভিশন সংরক্ষণ করতে হবে;

ঙ) এক্সিট সুবিধা প্রদানের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২৪ ও এর অনুবৃত্তিক্রমে জারিকৃত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে।

- ৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫